

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১৪

তারিখ : ০৪ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ দুপুর ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোছাঃ আমিনা বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....

নাগেশ্বরী, কুড়িগ্রাম।



(মোঃ মনজুর আলম)

সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি

ও

উপজেলা যুব উন্নয়ন অফিসার

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উযুউঅ/নাগ/কুড়ি/২০২১/

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষরিত

(মোঃ মনজুর আলম)

সদস্য সচিব

উপজেলা উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি

ও

উপজেলা যুব উন্নয়ন অফিসার

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী
উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

সভার তারিখঃ ০৮/০৯/২০২১ খ্রিঃ।

স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের অফিস রুম, নাগেশ্বরী, কুড়িগ্রাম।


সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক) :

অদ্য ০৮/০৯/২০২১ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান নাগেশ্বরী উপজেলা পরিষদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভার আলোচ্য সূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	কমিটির সভা প্রসংগে	প্রতি ২ মাস পরপর মাসিক সভা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব
২.	ঋন আদায় প্রসঙ্গে	সভায় জানানো হয় প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের উন্নয়নের জন্য যে ঋন প্রদান করা হয়েছিল তার আদায় সন্তোষজনক এবং যাদের ঋন পরিশোধ হয়েছে তাদেরকে নুতন করে ঋন প্রদান করার জন্য দাবি জানালে বরাদ্দ সাপেক্ষে ঋন প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক্রেডিট সুপারভাইজার
৩.	দুস্থ মহিলাদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান দুস্থ মহিলাদের ব্লক/বাটিকের উপর প্রশিক্ষণ প্রদান করতে পারলে তারা নিজেদের দারিদ্রতা নিজেরাই দূর করতে পারবে। তাই এবিষয়ে বিভাগীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ আয়োজন করা হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
৪.	চলমান কর্মসূচী সমূহ	যুব উন্নয়ন বিভাগ হতে বাস্তবায়নাধিন সকল কর্মসূচী সম্পর্কে সভায় আলোচনা করা হয়। সভাপতি মহোদয় কর্মসূচী সমূহ বাস্তবায়নের ক্ষেত্রে আইন ও সময় মেনে স্বচ্ছতার সহিত বাস্তবায়নের নির্দেশ প্রদান করেন।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
৫.	মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ	করোনা ভাইরাসের সময় অনেক যুব বেকারত্বের বোঝা বহিছে। এসময় তাদের আয় বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হলে বেকারত্বের বোঝা কমে আসবে। উপস্থিত সকলে যুবদের মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করেন। প্রয়োজনীয় বরাদ্দ সহ প্রকল্প প্রদানের জন্য নাগেশ্বরী উপজেলা পরিষদের নিকট একটি প্রকল্প, প্রস্তাবনা আকারে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	
৬.	বিবিধ	সকল চলমান কার্যক্রম গতিশীল রাখার পরামর্শ প্রদান করা হয়।	

পরিশেষে আর আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করেন।


(মোছাঃ আমিনা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটি
উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।


তারিখঃ

স্মারক নং ২৪
উপস্থিত সদস্য বৃন্দঃ

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
১.	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম	সভাপতি	স্বাক্ষরিত
২.	চেয়ারম্যান, রায়গঞ্জ ইউ.পি, নাগেশ্বরী, কুড়িগ্রাম	সদস্য	স্বাক্ষরিত
৩.	চেয়ারম্যান, বেরুবাড়ী ইউ.পি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
৪.	চেয়ারম্যান, রামখানা ইউ.পি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
৫.	মোঃ মনজুর আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব	স্বাক্ষরিত

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২) উপজেলা নির্বাহী কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩) সভাপতি, যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটি, নাগেশ্বরী উপজেলা পরিষদ, কুড়িগ্রাম।
- ৪) চেয়ারম্যান ----- ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
- ৫) অফিস নথি।


(মোঃ মনজুর আলম)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব।

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটি
নাগেশ্বরী, কুড়িগ্রাম।